

বর্তমান

কলকাতা, শুক্রবার ১৩ জুলাই ২০১৮, ২৮ আঘাট ১৪২৫

ইসকনের রথের ভোগ রাখবেন পুরীর পাচকরা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: পুরীর জগন্নাথদেবের রথযাত্রার ছোঁয়া এবার কলকাতায় ইসকন আয়োজিত রথযাত্রায়। সেখান থেকে পাচকরা এসে কলকাতায় রথের অধিষ্ঠানস্থলে (ব্রিগেড প্যারেড গ্রাউন্ড) তৈরি করবেন সুবাসিত ছাপান্নভোগ। বানাবেন পুরীর মন্দিরের বিখ্যাত খাজা ও অন্যান্য মিষ্টি। প্রতি বছরের মতো এবারও কলকাতায় মহাসমারোহে রথযাত্রার আয়োজন করেছে ইসকন। বৃহস্পতিবার গুরুসদয় দত্ত রোডে সংস্থার কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে এই কথা জানিয়েছেন ইসকনের কো-ডিরেক্টর আনন্দমোহন দাস। তিনি বলেন, এবার আমাদের আমন্ত্রণে সাড়া দিয়ে পুরীর মন্দিরের রাধুনীরা এখানে আসছেন। তারা জগন্নাথদেবের ছাপান্নভোগ তৈরি করবেন। এছাড়াও বিশেষ মিষ্টি এবং প্রসিদ্ধ খাজা বানাবেন। আপামর জনগণের জন্যও সেই ব্যবস্থা থাকবে। অন্যান্যবারের মতো এবারও রথযাত্রার সূচনা করার কথা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের। উপস্থিত থাকবেন হিন্দি সিনেমার নায়িকা ভাগ্যশ্রী থেকে শুরু করে টলিউডের শিল্পী ঋতুপর্ণা সেনগুপ্ত, সোহম চক্রবর্তী সহ অনেকেই।

এদিন সাংবাদিক সম্মেলনে ইসকনের কর্তারা জানান, এবার একটি রথের চাকা পরিবর্তন করার উদ্যোগ নেওয়া হয়েছে। একটি রথে পুরনো চাকার বদলে বোয়িং বিমানের একটি চাকা লাগানো হবে। কাল, শনিবার বেলা ১টায় মিটে পার্ক সংলগ্ন হাঙ্গারফোর্ড স্ট্রিটে ইসকন মন্দিরের সামনে থেকে রথের রশিতে টান দেওয়া হবে। এজেন্সি বোস রোড, শরৎ

বোস রোড, হাজরা রোড, এসপি মুখার্জি রোড, চৌরঙ্গি রোড, রবীন্দ্রসদন, আউটরাম রোড হয়ে পার্ক স্ট্রিট মেট্রোর বিপরীতে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে থামবে জগন্নাথ, বলরাম, সুভদ্রার তিনটি রথ। সেখানেই মেলা চলবে উল্টোরথ পর্যন্ত। তবে উল্টোরথের যাত্রাপথ হবে মৌলালি, সিআইটি রোড হয়ে।

ইসকনের তরফে আরও জানানো হয়েছে, এবার কলকাতা রথযাত্রার মূল থিম হল, 'কলকাতার গুপ্তধন'। বিষয়টি খোলসা করে সংগঠনের সভাপতি দয়ারাম দাস বলেন, কলকাতা ও তার আশপাশ এলাকায় শ্রীচৈতন্য মহাপ্রভু এবং ইসকনের প্রতিষ্ঠাতা শ্রীল প্রভুপাদের পদধূলিধন্য জায়গাগুলিকে চিহ্নিত করে তা মানুষের সামনে তুলে ধরা হবে। তিনি বলেন, কলকাতা সংলগ্ন খডদহ, পানিহাটি থেকে শুরু করে বেশ কিছু জায়গা অত্যন্ত গুরুত্বপূর্ণ বৈষ্ণবতীর্থ। এই জায়গাগুলিতে চৈতন্যদেব বা তাঁর পার্শ্বদরা এসে ধন্য করেছেন। আবার শ্রীল প্রভুপাদ তাঁর পার্শ্বদদের নিয়ে কলকাতার বহু



জায়গায় স্মরণীয় সময় কাটিয়েছেন। ভক্তিরসে মাতিয়েছেন মানুষকে। আমাদের উদ্দেশ্য, রথযাত্রার মাধ্যমে এইসব ইতিহাসকে মানুষের সামনে তুলে ধরা। এই জায়গাগুলিকেই আমরা 'কলকাতার গুপ্তধন' বলতে চেয়েছি। তিনি বলেন, এবারও 'গুপ্তিচ্চা'র অন্যান্যবারের মতো নানা নৃত্যানুষ্ঠান ও সাংস্কৃতিক অনুষ্ঠান থাকছে। ওডিশি, ভারতনাট্যম, কথক, কুচিপুড়ির মতো ভারতীয় শাস্ত্রীয় নৃত্যের নানা অনুষ্ঠান করবেন বিশিষ্ট শিল্পীরা। -ফাইল চিত্র